নিষেধাজ্ঞা অমান্য করে বিভিন্ন ক্লিনিকে করছে অপারেশন

নিষেধাজ্ঞা অমান্য করে অপারেশন অব্যাহত রেখেছেন ঝিনাইদহের কোটচাঁদপুরের সেই আলোচিত ডাঃ ফাহিম উদ্দীন। যা, দেখার কেউ নাই। বিষয়টি তদন্তপূর্বক ব্যবস্থা নিতে সংশ্লিষ্ট কর্তাব্যক্তিদের হস্তক্ষেপ কামনা করেছেন সচেতন মহল।

সম্প্রতি কোটচাঁদপুরে ডাক্তার ফাহিমের হাতে সিজারিয়ান অপারেশনে দুই প্রসূতির মৃত্যু হয়। এ ছাড়া আরো দুইটি ক্লিনিকে ওই ডাক্তারের দ্বারা একই অপারেশন করে রোগীরা আর্থিক ভাবে ব্যাপক ক্ষতিগ্রস্ত হয়। বিষয়টি নিয়ে বেশ কয়েকটি পত্রিকায় ধারাবাহিক ভাবে সংবাদ প্রকাশিত হয়।

এ ঘটনাটি ঝিনাইদহের সিভিল সার্জন গুরুত্বের সঙ্গে নিয়ে একটি তদন্ত কমিটি গঠন করেন। এর প্রেক্ষিতে গেল ০২-০২-২১ তারিখে ওই ডাক্তারের অপারেশনে নিষেধাজ্ঞা দেন সংশ্লিষ্ট দপ্তর। বিষয়টি নিশ্চিত করেছেন কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদ।

এরপরও সংশ্লিষ্টি কর্তাব্যক্তিদের অমান্য করে কোটচাঁদপুরের বিভিন্ন ক্লিনিকে অপারেশন অব্যাহত রেখেছেন।

এব্যাপারে ডাঃ ফাহিমের সঙ্গে ফোনে যোগাযোগের চেষ্টা করে তাকে পাওয়া যায়নি। কথা হয় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আব্দুর রশিদের সাথে, তিনি জানান, প্রতিবেদনের প্রেক্ষিতে গত ০২-০২-২১ তারিখে জেলা সিভিল সার্জন অফিসের নির্দেশনা অনুযায়ী কোটচাঁদপুর নার্সিং হোম ক্লিনিকের অব্যবস্থাপনায় বন্ধের নির্দেশ দেওয়া হয়েছে। সেই সাথে ডাক্তার ফাহিমের অপারেশনের ত্রুটি থাকায় সকল প্রকার অপারেশনে নিষেধাজ্ঞা দেওয়া হয়েছে।

এছাড়া ওই ডাক্তার ট্রেনিং না করা পর্যন্ত অপারেশন করতে পারবেন না বলে জানিয়েছেন তিনি। অপারেশন করছেন এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, বিষয়টি সিভিল সার্জনকে অবহিত করা হবে।

রংবেরঙের ফুলে ছেয়ে আছে কালীগঞ্জের ফুল নগরী ত্রিলোচনপুর

ফুলের রাজধানী খ্যাত ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার ত্রিলোচনপুর গ্রামে বাণিজ্যিকভাবে চাষ শুরু হয়েছে জারবেরা ফুলের। ফুলনগরী খ্যাত কালীগঞ্জে নতুন অতিথি এখন জারবেরা ফুল। শুধু জারবেরাই নয় পাশাপাশি গ্লালোডিয়াস, চন্দ্রমল্লিকা, গোলাপ, লিলিয়াম ও স্ট্রবেরী ফল চাষে নজর কেড়েছে টিপু সুলতানের বাগান।

নিজের প্রায় ১৭ বিঘা জমিতে গড়ে তুলেছেন এই ফুলের বাগান। এই অঞ্চলের চাহিদা মিটিয়ে দেশের বিভিন্ন স্থানেও পাঠানো হচ্ছে এই ফুল। ১৪ ফেব্রুয়ারি বিশ্ব ভালোবাসা দিবস, ২১ শে ফেব্রুয়ারি ও পহেলা ফাল্গুগুন এই তিন দিবসকে সামনে রেখে প্রায় অর্ধকোটি টাকার ফুল বিক্রি করবেন বলে তিনি আশাবাদী।

শুধু ফুল বিক্রিই নয় দূর দূরান্ত থেকে অনেকে এই বাগান দেখতে আসেন। প্রায়ই বিকেলে দর্শনার্থীরা ভিড় জমান ছবি তুলতে আর ফুল কিনতে।

জানা গেছে, ২০১৬ সালের জুন মাসে প্রায় তিন বিঘা জমিতে প্রথম জারবেরা ফুলের বীজ রোপণ করেন ফুলচাষী টিপু সুলতান। বীজ আনা হয় পাশ্ববর্তী দেশ ভারত থেকে। আর ফুল ক্ষেতের উপর ছাউনি দিতে একই দেশ থেকে আমদানি করা হয় বিশেষ ধরণের পলিথিন। যা তৈরি হয় ইউরোপের দেশ গুলোতে। রোপণের তিন মাস পর গাছে ফুল আসতে শুরু করে। একটি গাছ একাধারে দুই থেকে তিন বছর ফুল দেয়।

চলতি বছর এই উপজেলার ৩৫০ হেক্টর জমিতে বিভিন্ন জাতের ফুলের চাষ করা হয়েছে। যে কারণে এ এলাকাটি মানুষের কাছে ফুল নগরী বলে পরিচিত। বিদেশি জাতের এই জারবেরা ফুল লাল, সাদা, হলুদ ও গোলাপিসহ ৮টি বাহারি রঙের হয়ে থাকে। তবে এই ফুলের কোন গন্ধ নেই। বিদেশি জাতের এই ফুলটি ক্ষেত থেকে তোলার পরও ১০ থেকে ১৫ দিন তাজা থাকে। যে কারণে বাজারে এই ফুলের চাহিদা বেশ।

ফুলচাষি টিপু সুলতান জানান, ২০১৬ সালের জুন মাসে পার্শ¦বর্তী দেশ ভারত থেকে বীজ সংগ্রহ করে প্রথম ৯৬ শতক জমিতে রোপণ করি। এরপর তিন মাস পর গাছে ফুল আসতে শুরু করে। বীজ রোপণ, ক্ষেতের চারপাশে বাঁশের বেড়া স্থাপন, উপরের ছাউনি, সার ওষুধ ও শ্রমিক খরচসহ এ পর্যন্ত ৩৩ লাখ টাকা খরচ হয়েছে। এই ফুল পরিচর্যা করার জন্য চারজন শ্রমিক নিয়মিত কাজ করে। বর্তমানে ১৭ বিঘা জমিতে বিভিন্ন ফুল ও ফলের চাষ করছেন।

তিনি আরো জানান, গত ছয় মাসে ২০ লক্ষাধিক টাকার ফুল বিক্রি করা হয়েছে। বর্তমানে প্রতিদিন দেড় হাজার থেকে ২ হাজার ফুল সংগ্রহ করা যাচ্ছে বাগান থেকে। একটি ফুল ১০ থেকে ১৫ টাকা পর্যন্ত বিক্রি হয়। চাহিদা অনুযায়ী প্রতিদিন এই ফুল ক্ষেত থেকে সংগ্রহ করে ঢাকা, সিলেট, চট্টগ্রামসহ দেশের বিভিন্ন স্থানে পাঠিয়ে দেওয়া হয়। তাই এলাকার পরিবহন খাতেও বিশেষ ভূমিকা রাখছে এই ফুল চাষ। সেন্টমার্টিন ট্রাভেলস লি: এর কালীগঞ্জ এরিয়া ম্যানেজার ইমরান খান জানান ফুল পরিবহন করে সারাবছরই বেশ ভাল টাকা উপার্জন করছে পরিবহন খাত।

ফুলচাষি টিপু সুলতান আক্ষেপ করে বলেন, শত চেষ্টা করেও তিনি ফুল বাগানে বিদ্যুতের সংযোগ নিতে পারেননি। যেকারণে তার ফুল চাষ ব্যাহত হচ্ছে। ফুলগাছে সেচ দিতেও তাকে নানা সমস্যার সম্মুখীন হতে হচ্ছে।

কৃষিবিদ ও কৃষকদের সাথে কথা বলে জানা গেছে, জারবেরা ফুল চাষের জন্য এ অঞ্চলের মাটি ও আবহাওয়া বেশ উপযোগী। বছরের যে কোন সময় চাষ করা যায়। শীত মৌসুমে উৎপাদন বেশি হয়। এছাড়া দেশের বাজারে এই ফুলে দাম ও চাহিদা বেশি। তবে এই ফুল লাভজনক হলেও খরচ বেশি হওয়ায় চাষ করতে পারছে না সাধারণ কৃষকরা।

কালীগঞ্জ উপজেলা কৃষি কর্মকর্তা শিকদার মোহামমদ মোহামেন আক্তার জানান, জার্মান পরিবেশবিদ ডাক্তার ট্রগোট জারবের এর নামানুসারে ফুলটির নামকরণ করা হয়। জারবেরা ফুল চাষের জন্য এ অঞ্চলের মাটি ও আবহাওয়া বেশ উপযোগি। টিপু সুলতান একজন সফল ফুল চাষি। তিনি বিভিন্ন ফুল ও ফলের চাষ করেন। তাকে বিভিন্ন সময়ে উপজেলা কৃষি অফিসের পক্ষ থেকে সহায়তা দেওয়া হয়।

কালীগঞ্জে করোনার প্রথম ভ্যাকসিন নিলেন এমপি আনার

ঝিনাইদহের কালীগঞ্জে করোনার প্রথম ভ্যাকসিন নিলেন স্থানীয় সাংসদ আনোয়ারুল আজিম আনার। গতকাল রোববার বেলা ১১ টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে তিনি ভ্যাকসিন গ্রহণ করে করোনা ভ্যাকসিন প্রদান কার্যক্রমের উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন, কালীগঞ্জ উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর সিদ্দিকী ঠান্ডু, উপজেলা নির্বাহী কর্মকর্তা সূবর্ণা রানী সাহা, মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভীন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা শামিমা শিরিন লুবনা, হাসপাতাল স্বাস্থ্য কমিটির সদস্য মোচিক, শ্রমিক ইউনিয়নের সভাপতি গোলাম রসুল ।

উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা শামিমা শিরিন লুবনা জানান, গতকাল রোববার স্থানীয় সাংসদের শরীরে প্রথম করোনা ভ্যাকসিন প্রদানের মাধ্যমে এ কার্যক্রমের উদ্বোধন করা হয়। এ দিনে কালীগঞ্জের ১৫১ জনকে ভ্যাকসিন পুশ করা হবে। ইতোমধ্যে তাদের হাতে ৯শ ৫৬ ভায়াল করোনা ভ্যাকসিন এসে পৌঁছিয়েছে। প্রতি ভায়াল ভ্যাকসিন থেকে মোট ১০ জনকে দেয়া যাবে।

তিনি আরো জানান, হাসপাতালের অভিজ্ঞ সিনিয়র নার্স ডাক্তারদের মাধ্যমে করোনা ভ্যাকসিন পুশ করা হচ্ছে। টিকা গ্রহণকারীরা আধা ঘন্টা হাসপাতালেই অবস্থান করবেন।

এছাড়াও টিকা গ্রহণকারীদের নিবিড়ভাবে সেবা ও পরিচর্যা করার জন্য হাসপাতালের অভিজ্ঞ ডাক্তারদের নিয়ে একটি টিম গঠন করা হয়েছে। তারা সার্বক্ষণিক সেবা দিতে প্রস্তুত আছেন।

করোনা ভ্যাকসিন প্রদান উদ্বোধন অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ তরুন কুমার দাস, ডাঃ অরুন কুমার দাস, ডাঃ সুলতান আহম্মেদ, ডাঃ খুরশিদ নাজনিন, ডাঃ সম্পা মোদক ও গণমাধ্যমের কর্মীসহ স্বাস্থ্য কমপ্লেক্সের সকল চিকিৎসক,

কর্মকর্তা ও কর্মচারী।

শৈলকুপায় কোভিট-১৯ ভ্যাকসিন প্রদানের উদ্বোধন

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিট-১৯ ভ্যাকসিন প্রদানের এর শুভ উদ্বোধন ঘোষনা করা হয়েছে।

এ উপলক্ষে রবিবার সকার ১০টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র কাজী আশরাফুল আজম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, বক্তব্য প্রদান করেন উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রাশেদ আল মামুন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান, শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক মতিয়ার রহমান, এমপি পুত্র তানভির হাসান হাই, প্রেসক্লাবের সভাপতি এম হাসান মুসা প্রমুখ।

অনুষ্ঠান শেষে ভ্যাকসিন গ্রহন করেন যথাক্রমে উপজেলা স্বাস্থ্য কম্পেক্সের ডা: শাহনেওয়াজ ইবনে কাশেম, জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান, এমপি পুত্র তানভির হাসান হাই, প্রেসক্লাবের সভাপতি এম হাসান মুসা, প্রেসক্লাবের নির্বহী সদস্য ও সমকাল প্রতিনিধি তাজনুর রহমান ডাবলু, সাংগঠনিক সম্পাদক আব্দুল জাব্বার সহ মোট ৩০ জনকে প্রথম দিনে ভ্যাকসিন প্রদান করা হয়।

ঝিনাইদহে র্যাবের অভিযানে বিভিন্ন কারখানায় ৩ লাখ ৭০ হাজার টাকা অর্থদণ্ড আদায়

ঝিনাইদহ জেলায় র্যাবের ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে ২ টি মিষ্টি কারাখানা, ১ টি বিস্কুট, কেক, পাউরুটি উৎপাদন কারখানায় অস্বাস্থ্যকর পরিবেশ ও ১ টি কসমেটিক্স গোডাউনে নকল কসমেটিক্স মজুত করায় চার জন অভিযুক্তের নিকট থেকে ৩ লাখ ৭০ হাজার টাকা অর্থদণ্ড আদায় করেছে।

ঝিনাইদহ র্যাব-৬ এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়, ৬ ফেব্রুয়ারি গতকাল শনিবার সকাল আনুমানিক ৯টা হতে ৪টা পর্যন্ত র্যাব-৬ এর অধিনায়ক ও অতিরিক্ত পুলিশ সুপার মো: কামাল উদ্দিন এবং স্কোয়াড কমান্ডার সিনিয়র এএসপি সোহেল পারভেজ এর নেতৃত্বে ঝিনাইদহে একটি আভিযানিক দল এবং র্যাব ফোর্সের সদর দপ্তর, কুর্মিটোলা ঢাকা এর এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নাদির শাহ ও জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর ঝিনাইদহের সহকারী পরিচালক সুচন্দন মন্ডল ও ঝিনাইদহ ঔষধ প্রশাসনের সহকারী পরিচালক মো: রেহান হাসান এর সহযোগীতায় ঝিনাইদহ শহরের বিভিন্ন স্থানে মোবাইল কোর্ট এ অভিযান পরিচালনা করে।

২ টি মিষ্টি তৈরির কারাখানায়, ১ টি বিস্কুট, কেক, পাউরুটি উৎপাদন কারখানায় অস্বাস্থ্যকর পরিবেশে মিষ্টি উৎপাদন ও ১ টি কসমেটিক্স গোডাউনে নকল ও অনুমোদন বিহীন কসমেটিক্স মজুত করায় তাদেরকে ৩ লাখ ৭০ হাজার টাকা অর্থদণ্ড করা হয়।

গোলাম মোস্তফা (৬৫) মোস্তফা কসমেটিক্সকে ৬০ হাজার টাকা, সুব্রত ঘোষ (৫৫) বাঘাট মিষ্টান্ন ভান্ডার কারখানাকে ৮০ হাজার টাকা, রবি ঘোষ (৩৬) ঘোষ মিষ্টান্ন ভান্ডার কারখানাকে ১ লক্ষ ৫০ হাজার টাকা ও শেখ জামান আহম্মেদ (৩২) হীরা বেকারী এন্ড কারাখানাকে ৮০ হাজার টাকা প্রদান করতে হয়েছে।

মোবাইল কোর্ট মামলা নং ১৭/২০২১, ১৮/২০২১, ১৯/২০২১ এবং ২০/২০২১ তারিখ ০৬/০২/২০২১।

এছাড়া উক্ত মোবাইল কোর্ট পরিচালনা করে বিপুল পরিমাণে ভেজাল

খাদ্য সামগ্রী এবং নকল ও অনুমোদন বিহীন কসমেটিক্স সামগ্রী ধ্বংস করা হয়েছে।

কালীগঞ্জে প্রবীনদের মাঝে কম্বল বিতরণ

ঝিনাইদহের কালীগঞ্জে ৬০ জন, শীতার্তদের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে। শনিবার সকালে কালীগঞ্জ উপজেলার হাসপাতাল সড়কের প্রধান কার্য্যালযে প্রবীন হিতৈষী সংঘের পক্ষ থেকে এ কম্বল বিতরণ করা হয়।

কালীগঞ্জ প্রবীন হিতৈষী সংঘের সভাপতি আনছার আলী, মাস্টার সভাপতিত্বে উপজেলার ৬০ জন প্রবীন সদস্যদের মাঝে কম্বল তুলে দেন, প্রবীন হিতৈষী সংঘের সাধারন সম্পাদক ও বিশিষ্ট ব্যবসায়ী সদরউদ্দীন মিয়া।

এসময় উপস্তিত ছিলেন, প্রবীন সংঘের সিনিয়র সহ সভাপতি বীরমুক্তিযোদ্ধা সেকেন্দার আলী, শুকুর আলী মাস্টার, আলীমুদ্দিন মাস্টার, জিল্লুর রহমান, বীরমুক্তিযোদ্ধা ইউনুস আলী গোলাম মোস্তফা, জয়নাল আবেদীনসহ উর্দ্ধতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। কম্বল পেয়ে খুশি সদস্যরা।

ঝিনাইদহে সাংস্কৃতিক কর্মী সম্মেলন

ঝিনাইদহ জেলার প্রায় তিন শতাধিক সাংস্কৃতিক কর্মীদের নিয়ে শনিবার সকাল ১০ টায় জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে ঝিনাইদহ জেলা সম্মিলিত সাংস্কৃতিক জোটের আয়োজনে অনুষ্ঠিত হয় দিনব্যাপী

সাংস্কৃতিক কর্মী সম্মেলন।

জাতীয় সংগীতের সাথে পতাকা উত্তোলনের মধ্য দিয়ে অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ। উদ্বোধন পর একটি বর্ণাঢ্য র্যালী শিল্পকলা একাডেমি হতে পায়রা চত্ত্বর ঘুরে শিল্পকলা মিলনায়তনে মিলিত হয়ে আনুষ্ঠানিক প্রশিক্ষণ শুরু হয়।

প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ ২ আসনের সংসদ সদস্য আব্দুল হাই এমপি।

অনুষ্ঠানের বিশেষ অতিথি ছিলেন ঝিনাইদহ পৌরমেয়র সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহ পৌর আওয়ামীলীগে সাধারণা সম্পাদক মো: নজরুল ইসলাম।

দিনব্যাপী এই কর্মী সম্মেলনের প্রশিক্ষক ছিলেন জেলা প্রশাসক সরোজ কুমার নাথ, প্রফেসর ড.বি এম রেজাউল করিম, প্রফেসর ড রবিউল হোসেন প্রমুখ।

অনুষ্ঠানের সভাপতিত্ব করে সম্মিলিত সাংস্কৃতিক জোটের সভাপতি শান্ত জর্দ্দার। সকল সাংস্কৃতিক কর্মীদের সরব উপস্তিতির মধ্য দিয়ে একটি চমৎকার মিলনমেলায় পরিণত হয় শিল্পকলা মিলনায়তন।

ঝিনাইদহে মোবাইল সার্ভিসিং ও এক্সেসরিজ এসোসিয়েশন’র মতবিনিময় ও আলোচনা সভা

মোবাইল সার্ভিসিং ও এক্সেসরিজ এসোসিয়েশন, ঝিনাইদহের উদ্যোগে ঝিনাইদাহ প্রেসক্লাবে দুপুর ৩ টার দিকে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদরে অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আবুল বাসার।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, ঝিনাইদহ সদর থানার অফিসার

ইনচার্জ মোঃমিজানুর রহমান।

আরোও উপস্থিত ছিলেন মোবাইল সার্ভিসিং ও এক্সেসরিজ এসোসিয়েশন, ঝিনাইদহ জেলা কমিটির, সভাপতিঃমোঃ ইসমাইল হোসেন, সাধারণ সম্পাদকঃ মোঃ হেমায়েত উদ্দিন।

আরো উপস্থিত ছিলেন হরিণাকুণ্ড, শৌলকুপা, কালিগঞ্জ উপজেলা সভাপতি এবং সাধারণ সম্পাদক।

আলোচনা সভায় বলা হয় সকল চোরাই মোবাইল লেনদেন থেকে বিরত থাকি এবং কান্ট্রি লক আনলক প্যাটার্ন লক খোলার আগে মালিকের ভোটার আইডি কার্ড ফটোকপি রাখাতে হবে। এছাড়া আরো সোচতন মুলক কথা বলেন। অতিরিক্ত পুলিশ সুপার মোঃ আবুল বাসার।

কালীগঞ্জে পৃথক দুর্ঘটনায় প্রাণ গেল দুই যুবকের

ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলায় পৃথক দুর্ঘটনায় দুই যুবক নিহত হয়েছেন। নিহতরা হলেন- শহরের থানাপাড়ার মুরগীহাট এলাকার আবু বক্করের ছেলে রাকিব হোসেন (২৫) ও উপজেলার খামারমুন্দিয়া গ্রামের আব্দুল আলীমের ছেলে সোহেল রানা (২২)।

প্রত্যক্ষদর্শীরা জানায়, শুক্রবার বিকেলে কৃষি অফিসের সামনে দুটি মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। এ সময় অন্য একটি মোটরসাইকেল পাশ কাটিয়ে বের হয়ে যায়। অন্য মোটরসাইকেলটি পালিয়ে গেলেও রাকিব নিয়ন্ত্রণ হারিয়ে রাস্তার পাশে পড়ে যায়। এ সময় ঘটনাস্থলেই সে নিহত হয়। নিহত রাকিব গতকাল রাষ্ট্রবিজ্ঞান বিষয়ে অনার্স শেষ বর্ষের পরীক্ষা সম্পন্ন করেছেন।

কালীগঞ্জ থানার ওসি মুহা: মাহফুজুর রহমান মিয়া ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, ঘটনাস্থল থেকে পুলিশ মরদেহ উদ্ধার করেছে।

স্থানীয়রা জানায়, গতকাল শুক্রবার সকালে সোহেল রানা বাড়ি থেকে বের হয়ে মাঠে যাচ্ছিল। পথে বাবরা রেল গেট পার হওয়ার সময় খুলনা

থেকে রাজশাহী গামী কপোতাক্ষ এক্সপ্রেস নামের ট্রেনটি তাকে ধাক্কা দেয়। ট্রেনের ধাক্কায় ছিটকে পড়ে ঘটনাস্থলেই মারা যায় সোহেল রানা। নিহত সোহেল কালীগঞ্জের সরকারী মাহাতাব উদ্দিন কলেজের ইতিহাস বিভাগের অনার্স ১ম বর্ষের ছাত্র ছিল

কালীগঞ্জের মোবারকগঞ্জ রেল স্টেশনের মাস্টার জামাল খান ঘটনার সত্যতা নিশ্চিত করে বলেন, সোহেলের লাশ পরিবার নিয়ে গেছে।

ঝিনাইদহে র্যাব-৬ এর অভিযানে ধর্ষণ মামলার প্রধান আসামী গ্রেফতার

ঝিনাইদহ র্যাব ক্যাম্পের আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ শহরের জোহান ড্রিম বেইলী পার্ক এলাকায় অভিযান পরিচালনা করে হরিণাকুন্ডুর অঞ্জলী রানী ধর্ষন মামলার প্রধান মোঃ রাজ আক্তার (৩৬) কে গ্রেফতার করেছে।

সে হরিণাকুন্ড উপজেলার দারিয়াপুর গ্রামের মৃত সমসের মন্ডলের ছেলে।

র্যাবের এক প্রেসবিজ্ঞপ্তিতে জানা যায় ৫ফেব্রুয়ারী দুপুর ১২টার দিকে, সিপিসি-২ ঝিনাইদহ র্যাব ক্যাম্পের আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে ঝিনাইদহ শহরের জোহান ড্রিম বেইলী পার্ক এলাকায় অভিযান পরিচালনা করে তাকে গ্রেফতার করতে সক্ষম হয়। পরবর্তিতে উক্ত গ্রেফতারকৃত আসামীকে হরিণাকুন্ডু থানায় হস্তান্তর করা হয়েছে।

বিজ্ঞপ্তিতে আরও জানানো হয় বর্তমান প্রেক্ষাপটে বাংলাদেশকে অপরাধমুক্ত করার লক্ষ্যে জঙ্গী সংক্রান্ত কার্যক্রম, সন্ত্রাস, হত্যা, ডাকাতী, ছিনতাই, অপহরণ, খুন, ধর্ষণ গুম, মাদক ও চরমপন্থীদের অপতৎপরতা রোধে র্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন প্রতিনিয়ত অভিযান পরিচালনা করে যাচ্ছে। এটা তারই একটি অংশ।

উল্লেখ যে, গত ৩১/১২/২০ ইং তারিখে রাতে নিজ বাড়িতে দুর্বৃত্তদের হাতে ধর্ষনের স্বীকার হয় হরিণাকুন্ডুর দরিয়াপুর গ্রামের সন্নাসী দাস এর স্ত্রী অঞ্জলী রানী দাসী (৩৫)।

পরবর্তীতে অঞ্জলী রাণী বাদী হয়ে হরিণাকুন্ডু থানায় রাজ আক্তার (৩৬), কে প্রধান আসামী করে দুই জনের বিরুদ্ধে একটি মামলা দায়ের করেন যার মামলা নং ০৫/২০২১ তারিখ ১৪/০১/২১ ইং ধারা- নারী ও শিশু নির্যাতন আইন ২০০০ (সংশোধনী/০৩) এর ৯(১)/৩০। উক্ত ঘটনার পর মামলার প্রধান আসামী রাজ আক্তার দীর্ঘদিন যাবৎ পলাতক ছিলেন।